আধুনিক চতুর্মাত্রিক সশস্ত্র বাহিনী গঠনে সরকার প্রতিশ্রুতিবদ্ধ: রাষ্ট্রপতি



রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। ছবি: সংগৃহীত

দেশের সশস্ত্র বাহিনীকে আধুনিক ও চতুর্মাত্রিক বাহিনী হিসেবে গড়ে তুলতে সরকার কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। তিনি বলেন, জাতীয় নিরাপত্তা জোরদার, প্রতিরক্ষা সক্ষমতা বৃদ্ধি এবং দীর্ঘমেয়াদি প্রতিরক্ষা পরিকল্পনা বাস্তবায়নে 'সবার আগে বাংলাদেশ' নীতি অনুসরণ করা হচ্ছে।

রোববার (৫ জুলাই) ঢাকা সেনানিবাসে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) ৫১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত দরবারে তিনি এসব কথা বলেন।

রাষ্ট্রপতি বলেন, সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপ বাস্তবায়িত হলে সশস্ত্র বাহিনীর সামগ্রিক সক্ষমতা, দক্ষতা এবং প্রস্তুতি আরও শক্তিশালী হবে। একই সঙ্গে দেশের প্রতিরক্ষা ব্যবস্থাও আধুনিক ও কার্যকর রূপ পাবে।

পিজিআরের সদস্যদের উদ্দেশে তিনি বলেন, অতীতের মতো ভবিষ্যতেও সততা, শৃঙ্খলা, নিষ্ঠা ও পেশাদারিত্ব বজায় রেখে দায়িত্ব পালন করতে হবে। জনগণের আস্থা অক্ষুন্ন রেখে রাষ্ট্রীয় দায়িত্ব পালনে তাদের অনুকরণীয় ভূমিকা অব্যাহত থাকবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

রাষ্ট্রপতি আরও বলেন, আধুনিক প্রযুক্তির ব্যবহার, আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ এবং পেশাগত দক্ষতা বৃদ্ধির মাধ্যমে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট ভবিষ্যতে আরও সক্ষম বাহিনীতে পরিণত হবে।